

ফেরীঘাট ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব-সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলাধীন নিম্ন বর্ণিত আন্তঃইউনিয়ন ফেরীঘাট ১৪৩১ বঙ্গাব্দে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/পাটনীদেবের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র নির্ধারিত মূল্যে জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, দুর্গাপুর ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নিম্নবর্ণিত তারিখে অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাজ্রে নির্ধারিত তারিখে দুপুর ০১.০০ টার মধ্যে দরপত্র দাখিল করতে হবে এবং দাখিলকৃত দরপত্র সংশ্লিষ্ট কার্যালয়ে দরপত্র দাখিলের দিন বিকাল ০৩.০০ টার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

দরপত্র বিক্রয় ও জমা দেয়ার তারিখ

দরপত্রের বিবরণ	দরপত্র ক্রয়ের শেষ তারিখ	দরপত্র জমার তারিখ
১ম বার	২০ মার্চ, ২০২৪/ ০৬ চৈত্র, ১৪৩০ রোজ: বুধবার	২১ মার্চ, ২০২৪/ ০৭ চৈত্র, ১৪৩০ রোজ: বৃহস্পতিবার
২য় বার	৩১ মার্চ, ২০২৪/ ১৭ চৈত্র, ১৪৩০ রোজ: রবিবার	০১ এপ্রিল, ২০২৪/ ১৮ চৈত্র, ১৪৩০ রোজ: সোমবার
৩য় বার	০৮ এপ্রিল, ২০২৪/ ২৫ চৈত্র, ১৪৩০ রোজ: সোমবার	০৯ এপ্রিল, ২০২৪/ ২৬ চৈত্র, ১৪৩০ রোজ: মঙ্গলবার

ফেরীঘাটের বিবরণ:


ক্রমিক নং	ফেরীঘাটের নাম	ইউনিয়নের নাম	কাঙ্ক্ষিত দর	দরপত্র ফরমের মূল্য
০১	চৈতাটি ফেরীঘাট	বিরিশিরি	৩৫,২০০/-	৫০০/-

১৪৩১ বাংলা সনের ফেরীঘাট ইজারার শর্তাবলী:

- ০১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র ০১ (এক) বৎসরের মেয়াদকালে জন্য ফেরীঘাট ইজারা দেয়া হবে।
- ০২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, নেত্রকোণা এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য করা হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে নমস্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে।
- ০৩। যার দরপত্রে গৃহীত হবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- ০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংশ যদি সংশ্লিষ্ট ফেরীঘাট সরাসরি কাঙ্ক্ষিত ইজারা মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।
- ০৫। খামের উপর ফেরীঘাটের নাম, দরপত্রদাতার নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ০৬। সরকার অনুমোদিত টোল, রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে দৃশ্যমান স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।
- ০৭। ফেরীঘাটের জন্য সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ০৮। ইজারাদার কোন ক্রমেই ফেরীঘাট অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।
- ০৯। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১০। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
- ১২। কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি, লেখার উপরে লেখা দরপত্র গ্রহণযোগ্য হবেনা।
- ১৩। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক ফেরীঘাট ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য করা হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরৎ প্রদান করা হবে।

১৪। কোন শর্ত লঙ্ঘিত হলে ইজারা বাতিল করা যাবে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



(এম. রাকিবুল হাসান)

উপজেলা নির্বাহী অফিসার

দুর্গাপুর, নেত্রকোণা।

unodurgapur@yahoo.com

তারিখ: ০৫ মার্চ, ২০২৪

স্মারক নং- ০৫.৪৫.৭২১৮.০০০.৩৫.০০২.১৮-২৬৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. জেলা প্রশাসক, নেত্রকোণা।

০২. পুলিশ সুপার, নেত্রকোণা।

০৩. সিভিল সার্জন, নেত্রকোণা।

০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, নেত্রকোণা।

০৫. সহকারী কমিশনার (ভূমি), দুর্গাপুর, নেত্রকোণা।


০৬. মেয়র, দুর্গাপুর পৌরসভা, দুর্গাপুর, নেত্রকোণা।

০৭. অফিসার ইনচার্জ, দুর্গাপুর থানা, দুর্গাপুর, নেত্রকোণা।

০৮. চেয়ারম্যান..... ইউপি (সকল), দুর্গাপুর, নেত্রকোণা।

০৯. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,..... ইউনিয়ন ভূমি অফিস (সকল)। উপরোক্ত বিজ্ঞপ্তি তার ইউনিয়নে মাইক ও ঢোল সহরতের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০. জনাব,....., দুর্গাপুর, নেত্রকোণা।



উপজেলা নির্বাহী অফিসার

দুর্গাপুর, নেত্রকোণা।